# Times Today BD

আজিজুল ইসলাম বারী | দেশজুড়ে | 12 April, 2025

লালমনিরহাটে হেরোইনসহ ছাত্রদল নেতা রবিউল ইসলামকে (৩০) আটক করেছে সদর থানা পুলিশ।তার কাছ থেকে আট পুড়িয়া (প্রায় ৪ গ্রাম) হেরাইন ও হোরাইন সেবনের সলঞ্জমাদি জব্দ করে পুলিশ।

শুক্রবার (১১ এপ্রিল) রাতে লালমনিরহাট সদর উপজেলার পঞ্চগ্রাম ইউনিয়নের খোড়াগাছ এলাকা থেকে তাকে আটক করা হয়।

মাদকদ্রব্যসহ আটক ছাত্রদল নেতা রবিউল ইসলাম লালমনিরহাট সদর উপজেলার পঞ্চগ্রাম ইউনিয়নের খোড়াগাছ গ্রামের আফসার আলী মন্ডলের ছেলে।তিনি লালমনিরহাট সদর উপজেলার পঞ্চগ্রাম ইউনিয়ন ছাত্রদলের সহসভাপতি।

লালমনিরহাট সদর থানার উপপরিদর্শক (এসআই) আব্দুল জলিল জানান, রাতের অন্ধকারে নির্জন স্থানে বসে ৪-৫ জন যুবক হেরোইন সেবন করছিলেন। পুলিশের টিম সেখানে গেলে উপস্থিতি টের পেয়ে পালিয়ে যাওয়ার সময় রবিউল ইসলামকে আটক করা হয়।তার কাছ থেকে হেরাইন ও হেরোইন সেবনের সরঞ্জামাদি উদ্ধার করা হয়।

লালমনিরহাট জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুদা লিমন জানান, হেরোইনসহ আটক পঞ্চগ্রাম ইউনিয়ন ছাত্রদলের সহসভাপতি রবিউল ইসলামকে শুক্রবার রাতেই সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে।

পুলিশ লালমনিরহাট ছাত্রদল হেরাইন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:18

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/775807644